

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(জে.এম শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯০০০.১৬.৩৬.০০৫.১৬. ১৪৬ (৩৩)

তারিখ : ২৪ জানুয়ারি, ২০১৮খ্রি:

বিষয়: একটি বাড়ি একটি খামার প্রকল্পে ফিল্ড সুপারভাইজার ও মাঠ সহকারী পদে লিখিত পরীক্ষা কেন্দ্রসমূহের আইনশৃঙ্খলা রক্ষার লক্ষ্যে পুলিশ ফোর্স নিয়োগ প্রসঙ্গে।

সূত্র: প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, ঢাকা এর স্মারক নং- এবাএখা/পার/জ:নি:/১১-২০/৩২(অংশ-১)/২০১৬-৩১২৭; তারিখঃ ১০/০১/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন একটি বাড়ি একটি খামার প্রকল্পের ফিল্ড সুপারভাইজার এবং মাঠ সহকারী পদে লিখিত পরীক্ষা আগামী ২৬/০১/২০১৮ তারিখে রোজ শূক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। সুনামগঞ্জ জেলার প্রার্থীদের লিখিত পরীক্ষা জেলা প্রশাসনের তত্ত্বাবধানে জেলা সদরের ১৮টি কেন্দ্রে ৯,২২৩ জন, ছাতক উপজেলার ০৫টি কেন্দ্রে ৩,৮১৩ জন, দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার ০২টি কেন্দ্রে ৭০০ জন এবং বিশ্বম্ভরপুর উপজেলার ০৫টি কেন্দ্রে ১,৪৫০ জন মোট ৩০টি কেন্দ্রে ১৫,১৮৬ জন পরীক্ষার্থীর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এতদসঙ্গে কেন্দ্র তালিকা সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, আগামী ২৬/০১/২০১৮ তারিখে রোজ শূক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত সুনামগঞ্জ জেলার জেলা সদর, দক্ষিণ সুনামগঞ্জ, ছাতক ও বিশ্বম্ভরপুর উপজেলায় অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্রসমূহে নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রসমূহে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।


সংযুক্তিঃ কেন্দ্র তালিকা ০১ (এক) ফর্দ।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ
☎ : ০৮৭১-৬১৬০৩

পুলিশ সুপার
সুনামগঞ্জ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ০১। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা), ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ০২। অধ্যক্ষ, সুনামগঞ্জ সরকারি কলেজ/সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর/ দক্ষিণ সুনামগঞ্জ/ বিশ্বম্ভরপুর/ ছাতক, সুনামগঞ্জ।
- ০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর/বিআরডিবি, সুনামগঞ্জ।
- ০৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সুনামগঞ্জ।
- ০৬। জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
- ০৭। সুপার, পিটিআই, সুনামগঞ্জ।
- ০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার,-----বিদ্যালয়/মাদ্রাসা, সুনামগঞ্জ।
- ০৯। -----
- ১০। অফিস কপি/মাস্টার ফাইল।


অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
সুনামগঞ্জ